প্রথম আলো

তারিখ SEP 08 2006

পৃষ্ঠা ১ কলাম ৬

# মাদ্রাসা বোর্ডে পাসের হার সর্বোচ্চ

## কারিগরি শিক্ষায় প্রায় ৬৮%

নিজস্ব প্রতিবেদক

দেশের নয়টি শিক্ষা বোর্ডের মধ্যে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের আলিম, ফাজিল ও কামিল পরীক্ষায় পাসের হার সবচেয়ে বেশি। এর আগে এসএসসি সমমানের দাখিল পরীক্ষায়ও সব বোর্ডের মধ্যে মাদ্রাসা বোর্ডের পাসের হার ছিল সবচেয়ে বেশি।

গতকাল বৃহস্পতিবার প্রকাশিত ফল অনুযায়ী আলিম পরীক্ষায় পাসের হার সর্বোচ্চ ৭৫ দশমিক ২৩ শতাংশ। এ ছাড়া ফাজিল পরীক্ষায় ৭৮ দশমিক ৫১ শতাংশ এবং কামিল পরীক্ষায় ৯৪ দশমিক ৬৪ শতাংশ শিক্ষার্থী উত্তীর্ণ হয়েছেন।

এদিকে কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে মোট ৪৫ হাজার ২৬৪ জন শিক্ষার্থীর মধ্যে ৩০ হাজার ৬৯২ জন উত্তীর্ণ হয়েছেন। পাসের হার

এরপর পৃষ্ঠা ২ কলাম ৩

# মাদ্রাসা বোর্ডে পাসের হার সর্বোচ্চ

প্রথম পৃষ্ঠার পর

শতকরা ৬৭ দশমিক আট শতাংশ।

আলিম, ফাজিল ও কামিল পরীক্ষায় এত ভালো ফল হওয়ার কারণ সম্পর্কে মাদ্রাসা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক মনিরুল ইসলাম বলেন, তিনি খারাপ ফল করা মাদ্রাসাগুলোর ওপর চাপ সৃষ্টি করে ফলপ্রসূ হয়েছেন। শিক্ষা মন্ত্রণালয় আয়োজিত সংবাদ সম্মেলনে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি জানান, মাদ্রাসা শিক্ষায় বিদ্যমান বিশৃঙ্খলা তিনি দূর করার চেষ্টা করেছেন। পাসের হার ১০০ ভাগ হওয়া উচিত ছিল—চেয়ারম্যান এমন মন্তব্য করলে সম্মেলনস্থলে উপস্থিত সবাই হেসে ওঠেন।

তার কাছে সাংবাদিকেরা জানতে চান, মাদ্রাসা শিক্ষায় এমন কী গুণগত পরিবর্তন হয়েছে যে, সব বোর্ডের মধ্যে মাদ্রাসায় পাসের হার বেশি হবে? তা ছাড়া মাদ্রাসার পাঠ্যবই, সিলেবাসসহ এমন কোনো দৃশ্যমান সংস্কার হয়নি। চেয়ারম্যান এর জবাবে দাবি করেন, মাদ্রাসাগুলোতে আগের তুলনায় ভালো পড়াশোনা হচ্ছে।

আলিম পরীক্ষায় শিক্ষার্থী ছিলেন ৫৬ হাজার ৫৯৪ জন। তাদের মধ্যে পাস করেছেন ৪২ হাজার ৫৭৬ জন। পাসের হার ৭৫ দশমিক ২৩ শতাংশ। গত বছর এ হার ছিল ৬৪ দশমিক ৭৪ শতাংশ। আলিম পরীক্ষায় জিপিএ-৫ পেয়েছেন ৪১২ জন শিক্ষার্থী। মোট ৩১টি মাদ্রাসা থেকে কোনো ছাত্রছাত্রী পাস করেননি।

ফাজিল পরীক্ষায় মোট অংশ নেন ১৮ হাজার ৪১২ জন শিক্ষার্থী। তাদের মধ্যে উত্তীর্ণ হয়েছেন ১৪ হাজার ৪৫৬ জন। পাসের হার ৭৮ দশমিক ৫১ শতাংশ। দেশের ২৮টি মাদ্রাসা থেকে কোনো শিক্ষার্থী ফাজিল পাস করতে পারেননি। ফাজিল পরীক্ষায় প্রথম বিভাগে উত্তীর্ণ হয়েছেন চার হাজার ৫৩৪ জন শিক্ষার্থী।

কামিল পরীক্ষায় অংশ নেন সাত হাজার ৯৬৫ জন শিক্ষার্থী। তাদের মধ্যে উত্তীর্ণ হয়েছেন সাত হাজার ৫৩৮ জন, পাসের হার ৯৪ দশমি
৬৪ শতাংশ। কামিল পরীক্ষায় প্রথম বিভা
উত্তীর্ণ হয়েছেন দুই হাজার ৪৯৫ জন।

**কারিগরি শিক্ষা বোর্ডে পাসের হার প্রায় ৬৮**

কারিগরি শিক্ষা বোর্ডে মোট ৩১ হাজ
২৬৯ জন ছাত্রের মধ্যে ২০ হাজার ৭৪৪
এবং ১৩ হাজার ৯৯৫ জন ছাত্রীর মধ্যে
হাজার ৬৪৮ জন উত্তীর্ণ হয়েছেন।

গতকাল বৃহস্পতিবার প্রকাশিত ফলাফ
দেখা গেছে, এ বছর কারিগরি শিক্ষা বোর্ডে
অধীন এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা
ডিপ্লোমা ইন কমার্স ও এইচএস
(ভোকেশনাল) পরীক্ষায় ছেলেদের পাসের হ
শতকরা ৬৬ দশমিক ৩৪ ভাগ এবং মেয়েদে
পাসের হার ৬৮ দশমিক ৯৮ শতাংশ।

**এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা)** পরীক্ষ
৪২ হাজার ৩৩১ জন পরীক্ষার্থীর মধ্যে
হাজার ৫২০ জন উত্তীর্ণ হয়েছেন। পাসের হ
শতকরা ৬৯ দশমিক ৭৪ ভাগ। জিপিএ-
পেয়েছেন দুজন।

**ডিপ্লোমা ইন কমার্স** পরীক্ষায় মোট ৭
জনের মধ্যে ৫০৫ জন উত্তীর্ণ হয়েছেন, পাসে
হার ৭১ দশমিক ১৩ ভাগ।

**এইচএসসি (ভোকেশনাল)** পরীক্ষায় মে
দুই হাজার ২২৩ জন শিক্ষার্থীর মধ্যে ৬৬৭ জ
উত্তীর্ণ হয়েছেন। পাসের হার শতকরা ৩০ ভাগ